

# যুগান্ত

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৫৯ এএম

## শিক্ষান্তর

# যে ৩ বিষয়ে এবার বেশি ফেল



যুগান্ত প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০১:৪১ পিএম



পাশের হারও কমেছে এবারের ফলে। সংগৃহীত ছবি

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের ফলে নেমেছে বড় ধস। গত ১০ বছরের মধ্যে ২০২৫ সালের পরীক্ষায় পাশের হার সর্বনিম্ন। ফেল করেছেন পাঁচ লাখেরও বেশি শিক্ষার্থী। ২০২৩ প্রতিষ্ঠানের কেউই পাশ করতে পারেননি। মূলত বেশিরভাগ শিক্ষার্থী ইংরেজিতে ফেল করেছেন।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার সভাকক্ষে বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির জানান, ২০২৪ সালে শতভাগ ফেল করা প্রতিষ্ঠান ছিল ৬৫টি। এবার সে সংখ্যা বেড়ে ১০২টি।

### শতভাগ পাশের প্রতিষ্ঠানও কমেছে

ফলাফলে বিশ্লেষণে দেখা যায়, এইচএসসি পরীক্ষায় এবার শিক্ষার্থীর তিন বিষয়ে বেশি ফেল করেছেন। বেশি ফেল করেছেন হিসাব বিজ্ঞান বিষয়ে। এবার এই বিষয়ে ফেল করেছেন ৪১ দশমিক ৪৬ শতাংশ। ইংরেজিতে পাশ করতে পারেননি ৩৮ দশমিক ৮ শতাংশ শিক্ষার্থী। আইসিটিতে ১৭ দশমিক ১৮ শতাংশ শিক্ষার্থী করেছেন ফেল।

### এইচএসসিতে পাশ ও জিপিএ ৫ কম কেন, যা বললেন শিক্ষা উপদেষ্টা

ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির বলেন, ‘ইংরেজিতে শিক্ষার্থীরা খারাপ করেছে। বিশেষ করে যশোর বোর্ডে ইংরেজিতে সবচেয়ে বেশি ফেল করেছে। সেখানে ইংরেজিতে ফেলের হার ৪৫ শতাংশের বেশি। ঢাকা ও বরিশাল ইংরেজিতে কিছুটা ভালো করলেও অন্য বোর্ডগুলোতে খারাপ করায় গড় ফলাফলে পিছিয়ে গিয়েছি আমরা।’

এবার ১১টি শিক্ষা বোর্ডে গড় পাশের হার ৫৮.৮৩ শতাংশ। ১২ লাখের মতো শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ফেল করেছে পাঁচ লাখেরও বেশি। যেখানে ৯টি সাধারণ শিক্ষাবোর্ডে পাশের হারে এগিয়ে রয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। পাশের হারে সবচেয়ে পেছনে রয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড।